



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিস্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।

[www.pallisanachaybank.gov.bd](http://www.pallisanachaybank.gov.bd)

অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিপালন বিভাগ

নং- পসব্য/প্রকা/নিরীক্ষা-০২/২০২৪-২৫/২৬৮৫

তারিখ: ২৯/০৫/২০২৫

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়

পল্লী সঞ্চয় ব্যাংক

বিষয়: নিরীক্ষা কার্যালয়সমূহের জন্য আইটি অডিট সংক্রান্ত তালিকা (Questionnaire and Answer) প্রণয়ন।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

পল্লী সঞ্চয় ব্যাংক একটি বিশেষায়িত সরকারী আর্থিক প্রতিষ্ঠান যার মাধ্যমে পল্লী এলাকায় অবস্থানরত গ্রাহকগণ অনলাইন ব্যাংকিং সুবিধা পাচ্ছেন। শাখার দৈনন্দিন কার্যক্রমে আইটির সঠিক ব্যবহার নিশ্চিত ও আইটি সংক্রান্ত নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে পরিচালনা বোর্ডের ১৩/০৫/২৫ তারিখে অনুষ্ঠিত ১৩৩ তম সভায় নিরীক্ষকদের জন্য আইটি অডিট সংক্রান্ত তালিকা (Questionnaire and Answer) অনুমোদন করা হয়েছে। উক্ত তালিকা অনুযায়ী নিরীক্ষকগণকে শাখায় আইটি বিষয়ক অডিট সম্পন্ন করতে বলা হলো। সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তালিকাটি এতদ্বারা জারী করা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

(জুলিয়া খাতুন)

সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় মনিটরিং কর্মকর্তা, শাখা তত্তাবধান ও পরিদর্শন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। সকল নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক
- ০৬। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ০৭। অফিস নথি/মহানথি।

পল্লী সঞ্চয় ব্যাংক

আইসিটি অডিট সংক্রান্ত তালিকা (Questionnaire and Answer)

পল্লী সঞ্চয় ব্যাংকের ৪৯০ টি শাখায় অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ব্যাংকের শাখা পর্যায়ে আইটি ব্যবস্থাপনা ও নিরাপত্তা নিশ্চিত করতে নিরীক্ষাদল নিম্নলিখিত বিষয়াদি তদারকি করবেন।

ক্র নং	টপিক	হ্যাঁ	না	মন্তব্য
১	কম্পিউটারে/সিবিএসে কাজ করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তার নামে অফিস আদেশ আছে কিনা?			
২	শাখার আইসিটি বিষয়ক সমস্যা প্রধান কার্যালয়ের আইসিটি বিভাগকে যথাসময়ে অবহিত করা হয় কিনা?			
৩	শাখার কর্মকর্তাদের পাসওয়ার্ড কোন ক্রমেই হস্তান্তর হবেনা এ সম্পর্কিত নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করা হয় কিনা?			
৪	শাখা প্রধান ব্যতীত শাখার অন্য কোন কর্মকর্তা কর্তৃক ব্যাংকিং software এর administrative account ব্যবহার করা হয় কিনা?			
৫	একজনের user ID ও password ব্যবহার করে অন্য কেউ কাজ করার সুযোগ পায় কি-না এবং কোন user ID ব্যবহারকারী কোন কাজে বাহিরে গমন করলে অথবা কম্পিউটার হতে দূরে গেলে কম্পিউটার লগ-আউট করা হয় কিনা?			
৬	শাখায় ব্যবহৃত কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানারসহ অন্যান্য আইসিটি সরঞ্জামের স্টক রেজিস্টার সংরক্ষণ করা হয়েছে কিনা?			
৭	কম্পিউটার ব্যবহারকারী অফিসে না এসে কম্পিউটার লগ ইন-আউট করছে কিনা?			
৮	সিবিএস, ইমেইল, কম্পিউটার, যাবতীয় অনলাইনভিত্তিক সফটওয়্যারের পাসওয়ার্ড বাংলাদেশ ব্যাংকের গাইডলাইন অনুযায়ী সর্বনিম্ন ৬ শব্দের এবং ৯০ দিন পরপর পরিবর্তন হচ্ছে কিনা?			
৯	পাসওয়ার্ডে ব্যক্তিগত তথ্য (নিজের নাম, জন্মতারিখ, মোবাইল নম্বর না রাখা এবং বড়, ছোট অক্ষর, যতিচিহ্ন ব্যবহার করে শক্তিশালী পাসওয়ার্ড দেয়ার বিষয়ে সচেতন করা হয় কিনা?			
১০	অপ্রয়োজনীয়/সন্দেহজনক ওয়েবসাইটে প্রবেশ অথবা লিংকে ক্লিক করে কিনা?			
১১	ব্যাংকের ব্যবহৃত সফটওয়্যার ও ওয়েবলিংক অনুমোদিত কর্মকর্তা/কর্মচারী ব্যতীত অন্য কারো কাছে শেয়ার করে কিনা?			
১২	অফিস ত্যাগের পূর্বে সকল ডিভাইসের পাওয়ার বন্ধ রাখা হয় কিনা?			
১৩	ছুটি/ট্রেনিং/অনুমোদিত ভ্রমণে থাকা অবস্থায় কোন কর্মকর্তাকে অফিস আদেশের মাধ্যমে আইডি-পাসওয়ার্ড প্রদান করেছে কিনা?			
১৪	ছুটি হতে যোগদানের পর ব্যবহৃত আইডি-পাসওয়ার্ড পরিবর্তন করে পুনরায় পাসওয়ার্ড দেয়া হয় কিনা?			
১৫	সিবিএস পরিচালনাকারী পিসিতে বাইরের ইন্টারনেট/পেনড্রাইভ/ডিভাইস ব্যবহার করা হয় কিনা?			
১৬	নির্দেশিত সফটওয়্যার ব্যতীত অন্য কোন সফটওয়্যার ব্যবহার হয় কিনা?			
১৭	শাখার সিসিটিভি চলমান ও ফুটেজ সংরক্ষিত আছে কিনা?			